



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৪৫

তারিখ : ২৫ জানুয়ারি, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

'IRIDPNFL Socio-Economic Development Sukuk' এর নিলামের প্রেস বিজ্ঞপ্তি



'নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IRIDPNFL)' নির্মাণ ও উন্নয়নের জন্য ০৭ বছর মেয়াদি ৭ম 'বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক' 'IRIDPNFL Socio-Economic Development Sukuk' ইস্যুর নিমিত্ত প্রণীত প্রসপেক্টাস এবং শরীয়াহ্ ঘোষণাপত্র ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের অধীন গঠিত শরীয়াহ্ এডভাইজরি কমিটির অনুমোদনক্রমে চূড়ান্ত করা হয়েছে। বর্ণিত সুকুকের নিলাম আগামী ০৯ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ রোজ সোমবার ইসলামিক সিকিউরিটিজ সেকশন, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হবে। প্রসপেক্টাস অনুযায়ী নিলামের মাধ্যমে ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) কোটি টাকা অভিহিত মূল্যের (Face Value) সুকুক ইজারা পদ্ধতিতে ইস্যু করা হবে যার মেয়াদোত্তীর্ণের তারিখ ০৯ ফেব্রুয়ারি, ২০৩৩। এ সুকুকে বিনিয়োগের বিপরীতে বিনিয়োগকারীদেরকে ০৭ বছরে ভাড়া বাবদ সর্বমোট ১,৬৮০.০০ কোটি টাকা (বা বার্ষিক ৯.৬০%) ষান্মাষিক ভিত্তিতে পরিশোধ করা হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি/আল-ওয়াদিয়াহ্ চলতি হিসাব রয়েছে এরূপ সকল ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি সরাসরি নিলামে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া, দেশী-বিদেশী ব্যক্তিপর্যায়ের বিনিয়োগকারীসহ কর্পোরেট প্রতিষ্ঠান, ইনভেস্টমেন্ট কোম্পানি, বীমা কোম্পানী, প্রভিডেন্ট ফান্ড ও ডিপোজিট ইস্যুরেস ফান্ড বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি/আল-ওয়াদিয়াহ্ চলতি হিসাব রয়েছে এরূপ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে পারবেন। বিনিয়োগকারীগণ ১০,০০০ (দশ হাজার) টাকার গুণিতক পরিমাণে সুকুক ক্রয়ের জন্য ০৮ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ০৯ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ সকাল ১২.৩০ ঘটিকার মধ্যে নিলাম নোটিশে বর্ণিত পদ্ধতিতে বিড দাখিল করতে পারবেন। বিডে কৃতকার্য বিডারদেরকে তাদের আবেদনের বিপরীতে বরাদ্দকৃত সুকুকের পরিমাণ নিলামের তারিখে (০৯ ফেব্রুয়ারি, ২০২৬) ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

টেলিফোন: ৯৫৩০৩০০

E-mail: sayeda.khanam@bb.org.bd